দৈনিক বাংলা

তারিখ ...১৪/৬/৭৯... পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪

41

**প্যানেলভুক্ত শিক্ষক শিক্ষিকাদের চাকরি**

আমরা ঢাকা জেলার প্রাথমিক বিদ্যালয় সমূহের শূন্য পদে শিক্ষক শিক্ষিকা হিসাবে নিযুক্তর জন্য ১৯৭৮ সালের এপ্রিল মাসে/প্যানেল পরীক্ষা দিয়ে যথারীতি প্যানেল ভুক্ত হয়েছিলাম। কিন্তু দুঃখের বিষয় এযাবত আমাদের নিয়োগপত্র দেওয়া হয়নি। ইতিমধ্য গত ৩০-৫-৭৯ তারিখের বিভিন্ন পত্র-পত্রিকা মারফত জানতে পারলাম ঢাকা জেলার যেসব ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী চাকরিচ্যুত হয়েছেন ওইসব শূন্যপদে তাদের নিয়োগের জন্যে জেলা বিদ্যালয় পরিদর্শককে নির্দেশ দেয়া হয়েছে। যদি তাই হয় তবে আমরা যারা বহু পরিশ্রম ও অর্থব্যয় করে প্রশিক্ষণ নিয়ে প্যানেলভুক্ত হয়েছি—তাদের কোথায় নিয়োগ করা হবে, নাকি আদৌ তাদের নিয়োগ করা হবে না? এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে শিক্ষক শিক্ষিকার শূন্য পদে আমাদের নিয়োগদানের জন্য আকুল আবেদন জানাচ্ছি।

—মোর্শেদ সিদ্দিকী কেরানীগঞ্জ থানা, মোঃ আনোয়ার হোসেন, মনোহরদী থানা, মোসাঃ হালিমা বেগম, নওয়াবগঞ্জ থানা, ঢাকা।